শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

জগন্নাথপুর, ঠাকুরগাঁও।

ঠাকুরগাঁও প.বি.স.

ISO 9001:2015 CERTIFIED

মুজিব শতবর্ষ MUJIB 100

টেলিফোন :০৫৬১-৫৩৫৭১
মেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৯৪৯৪.৫২৬.০৭.০২১.২৩ ১৪৮২

তারিখঃ ০৪ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
১৭ এপ্রিল, ২০২৩ খ্রিঃ

## "দরপত্র বিজ্ঞপ্তি"

১॥ ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও - এর তালিকা ভূক্ত সাময়িক/স্থায়ী পূর্ব যোগ্যতা প্রাপ্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে ১০০-৪১ এর আওতায় ০৫ কিঃ মিঃ অথবা ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা মাত্র (যাহা আগে আসে) নতুন লাইন নির্মাণ, লাইন আপগ্রেডেশন, তার পরিবর্তন করন, পোল স্থানান্তর, ট্রান্সফরমার উত্তোলন প্রভৃতি কাজের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

২॥ দরপত্রের বিবরণ: ০৫ কিঃ মিঃ নতুন লাইন নির্মাণ/ লাইন আপগ্রেডেশন/ তার পরিবর্তন করন/ ট্রান্সফরমার উত্তোলন ও পরিবর্তন / পোল স্থানান্তর/পুশপোল/ প্রভৃতি কাজ।

| ক্র. নং | প্যাকেজ নং | সাব-প্যাকেজ নং | সমিতির নাম | কাজের বিবরণ | প্রাক্কলিত মূল্য (টাকা) | আর্নেষ্টমানির পরিমান(টাকা) | কার্য্য সময় | বিড প্যাকেজের মূল্য (অফেরৎ যোগ্য) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | W.22-23.026.01 | W.22-23.026.01-26 | ঠাকুরগাঁও পবিস | লাইন নির্মাণ, আপগেডেশন ও রক্ষণাবেক্ষণ | ৫,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ০২ মাস | ৫০০/- |
| ০২ | | W.22-23.026.01-27 | | | ৫,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ০২ মাস | ৫০০/- |
| ০৩ | | W.22-23.026.01-28 | | | ৫,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ০২ মাস | ৫০০/- |
| ০৪ | | W.22-23.026.01-29 | | | ৫,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ০২ মাস | ৫০০/- |
| ০৫ | | W.22-23.026.01-30 | | | ৫,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ০২ মাস | ৫০০/- |

০৩॥ দরপত্র দলিল অত্র সমিতির সদর দপ্তর হতে আগামী ০৯/০৫/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন পূর্বক সমিতির অনুকুলে ৫০০.০০ (পাঁচশত) টাকা সমিতির ক্যাশ শাখায় নগদ জমা প্রদান সাপেক্ষে ক্রয় করা যাবে;

০৪॥ পবিস নির্দেশিকা ১০০-৪১ অনুযায়ী প্রতিটি দরপত্র প্রাক্কলিত মূল্যে ও সর্বোচ্চ ৫% নিম্ন দরে অথবা প্রাক্কলিত মূল্যের সমদরে দাখিল করা যাবে;

০৫॥ প্রতিটি দরপত্র দালিলের সময় বর্ণিত আর্নেষ্টমানি ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও এর অনুকুলে বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক (বাপবিবো কর্তৃক কালো তালিকা ভূক্ত ব্যাংক ব্যতীত) হতে পে-অর্ডার/ব্যাক ড্রাফট আকারে জমা দিতে হবে। কোন অবস্থাতেই প্রয়োজনীয় আর্নেষ্টমানি ছাড়া দরপত্র বৈধ বলে গ্রহণযোগ্য হবে না;

০৬॥ দরপত্র সমূহ আগামী ১০/০৫/২০২৩ খ্রি. তারিখ বেলা ১২:০০ ঘটিকায় পর্যন্ত অত্র পবিসে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে এবং একই দিন বেলা ১২:৩০ ঘটিকার সময় উপস্থিত দরদাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক অত্র দপ্তরে দরপত্র সমূহ খোলা হবে;

০৭॥ উদ্ধৃত দর সরকারি বিধান মোতাবেক প্রদেয় মূল্য সংযোজন কর সহ উদ্ধৃত বলে বিবেচিত হবে। পৃথকভাবে মূল্য সংযোজন কর উল্লেখ করা কোন দরপত্র গ্রহণ করা হবে না;

০৮॥ প্রতিটি দরপত্রের বিপরীতে দক্ষ লোকবল প্রয়োজনীয় টুলস/যন্ত্রপাতির তালিকা প্রদান করতে হবে। দরপত্রে অংশ গ্রহণকারী প্রতিষ্ঠানের অবশ্যই পর্যাপ্ত সংখ্যক বাপবিবো প্রশিক্ষণ প্রাপ্ত সুপার ভাইজার ও লাইনম্যান সহ প্রয়োজনীয় লোকবল থাকতে হবে;

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

জগন্নাথপুর, ঠাকুরগাঁও।

ISO 9001:2015 CERTIFIED

টেলিফোন :০৫৬১-৫৩৫৭১
মেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd



০৯॥ সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা একাধিক হলে অত্র পবিসের দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে লটারী করে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় সর্বনিম্ন দরদাতা নির্ধারণ করবেন;

১০॥ যে সকল দরদাতা প্রতিষ্ঠান কার্যাদেশ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন তাদেরকে পর্যায়ক্রমে কার্যাদেশ ইস্যু করা হবে;

১১॥ সন্তোষজনক ভাবে কার্য সম্পাদনের পর প্রয়োজনীয় সকল দলিলাদি সহ বিল দাখিল করতে হবে এবং পবিস ও বাপবিবো কর্তৃক প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে;

১২॥ ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে দরপত্র প্রেরণ করা যাবে না। তবে নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত দরপত্র সমূহ না খুলে ফেরৎ প্রদান করা হবে;

১৩॥ শুধুমাত্র ২০২২-২৩ অর্থবছরের জন্য সাময়িক/স্থায়ী পূর্বযোগ্যতা নবায়নকৃত মিনি ঠিকাদারগণ দরপত্র অংশগ্রহণ করতে পারবেন;

১৪॥ ২০২২-২৩ অর্থবছরে স্থায়ী/সাময়িক পূর্বযোগ্যতা নবায়ন না হলে সর্বনিম্ন দরদাতা হিসাবে বিবেচিত হলেও কার্যাদেশ প্রদান করা হবে না;

১৫॥ প্রধান প্রকৌশলী(প্রকল্প), পরিদপ্তর, বাপবিবোর্ড স্মারক নং-২৭.১২.০০০০.০০৮.২২.০০২.২২.১৬৯ তারিখঃ ০৭/১১/২০২২ ইং এর নির্দেশনা মোতাবেক ১০০-৪১/৪২ এর আওতায় পুর্ব কোন কার্যাদেশ চলমান থাকলে, উক্ত প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবে না।

১৬॥ স্বত্তাধিকারি / প্রতিনিধি ব্যতীত অন্য কোন ব্যক্তি মালামাল গ্রহন/জমা প্রদান করিতে পারিবে না। প্রমান পাওয়া গেলে নবায়ন বাতিল সহ প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে।

১৭॥ কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে ৩০০ টাকার মুল্যের স্টাম্প কাগজে অসিফের সাথে চুক্তি করতে হবে।

১৮॥ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ মাহফুজুর রহমান)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবো, রংপুর।
২। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ঠাকুরগাঁও।
৩। ডিজিএম(কারিগরী), ঠাপবিস।
৪। ডিজিএম,পঞ্চগড়/পীরগঞ্জ/রাণীসংকৈল/বালিয়াডাঙ্গী/দেবীগঞ্জ জোনাল অফিস, ঠাপবিস।
৫। রিটেইনার প্রকৌশলী, নাল, ঠাপবিস।
৬। এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/প্রশাসন/সদস্য সেবা), ঠাপবিস।
৭। মেসার্স ---------------------------------।
৮। নোটিশ বোর্ড ঠাপবিস।
৯। অফিস/মাস্টার কপি।

(মোঃ মাহফুজুর রহমান)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)